

## তিতে মিঞার সমস্যা

রচনাঃ খন্দকার জাহিদ হাসান

আবৃত্তিঃ নাসিমা আখতার

নোন্তার তিন ভাই— খাটা, মিঠে আর তিতে  
চারজন-ই মোটাসোটা— কাবু হত নাকো শীতে।

একদিন তিতে মিঞা কি যে এক বুনোফল  
পেড়ে এনে যে-ই খেল, গেল সে যে রসাতল  
ধীরে ধীরে দেহ তার বেড়ে হল পর্বত  
কটা দিন কেটে গেল খেয়ে শুধু শরবত,  
অবশেষে ক্রমে তার মাথা ছুল আসমান  
এশিয়াতে বসে শোনে অস্ট্রেলিয়ার গান।

সেই হতে ঘুমায় সে মাঠে-ঘাটে প্রান্তরে  
দিন কেটে যায় তার অখন্ড অবসরে।  
সন্দেশে রুচি নেই, লুচি খেলে বমি পায়,  
বোকার হৃদ যারা, রুটি-ভাত তারা খায়।  
বটগাছ-বাঁশবন উপড়িয়ে তাই রোজ  
স্যুপ ক'রে তার সাথে তিমিভাজা চলে ভোজ,  
বৈকাল হৃদ হতে নিমেষে চুমুক দিয়ে  
জলপান করে তিতে খাওয়া-দাওয়া সেরে নিয়ে।  
ঘোলাপানি দেখলেই গা করে ঘিন্ঘিন্  
নায়েগা জলে তাই স্নান সারে প্রতিদিন,  
ভূ-মধ্য সাগরটা সাঁতারিয়ে পার হয়  
সুনামি কি সাইক্লোনে নেই তার কোনো ভয়।

সব-ই আছে ঠিকঠাক— সমস্যা একটাই  
তিতে মিঞা বড় একা— তার কোনো বৌ নাই!!

সিডনী,  
১২/১০/২০০৯।